গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

# সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর আওতাধীন অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠিত ফেব্রুয়ারি, ২০২৩-এর সমন্বয়সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ১৯ ফেব্রুয়ারি ২০২৩ |
| সভার সময় | বেলা ১১.০০ টা |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর অধীন প্রতিটি অধিদপ্তর ও অনুবিভাগের চলমান কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে আন্তরিকতা, দক্ষতা ও নিষ্ঠার সাথে কাজ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য যুগ্মসচিব (প্রশাসন-৩)কে অনুরোধ করেন। অতঃপর যুগ্মসচিব (প্রশাসন-৩) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করেন।

| ক্র. | আলোচ্যসূচি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ২.১ | **গত সভার (জানুয়ারি, ২০২৩) কার্যবিবরণী দৃঢ়ীকরণ :** জানুয়ারি, ২০২৩-এ অনুষ্ঠিত সমন্বয়সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে। | জানুয়ারি, ২০২৩-এর সমন্বয়সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা দৃঢ়ীকরণ করা হয়। |

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|

| | | |
|---|---|---|
| ২.২ | **(ক) কোভিড-১৯ পরিস্থিতি :** সভাকে জানানো হয়, এ বিভাগ ও অধীন দপ্তরসমূহে করোনাভাইরাসে ১৬৯১ (তারিখ-১৬.০২.২০২৩) (এসএসডি-৪২+এফএসসিডি-৫০০+প্রিজন-৭৬২+ডিআইপি-১৫১+ডিএনসি-২৩৬) জন আক্রান্ত হয়েছেন। এ পর্যন্ত ১৬৮৩ (এসএসডি-৪২+এফএসসিডি-৪৯৭+প্রিজন-৭৫৯+ডিআইপি-১৫১+ডিএনসি-২৩৪) জন সুস্থ হয়েছেন। সুস্থতার হার ৯৯.৫২%। ৮ (এফএসসিডি-৩+প্রিজন-৩+ডিএনসি-২) জন মৃত্যুবরণ করেছেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সকল কর্মচারীকে মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি অনুসরণ করে দৈনন্দিন কার্য সম্পাদনের উপর বিশেষভাবে গুরুত্বারোপ করা হয়। | ১) সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের সকল কর্মকর্তা/কর্মচারী যেন কোভিড-১৯ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলে তা নিশ্চিতকরণ অব্যাহত রাখতে হবে;<br><br>২) কোভিড মোকাবিলায় সর্বোচ্চ সর্তকতা অবলম্বন করে সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর প্রধানগণ।** |

| | | |
|---|---|---|
| ২.৩ | **মন্ত্রিসভা বৈঠকে গৃহীত কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষর :** সভাকে জানানো হয়, বর্তমানে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের বিষয়ে ৭টি দেশের মধ্যে ১) বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি, ২) বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি, ৩) বাংলাদেশ ও ওমান সরকারের মধ্যে কূটনৈতিক, অফিসিয়াল, স্পেশাল এবং সার্ভিস পাসপোর্টধারীগণের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি ও ৪) বাংলাদেশ ও কাতার সরকারের মধ্যে Agreement on Abolishing Visa Requirements for the Holders of Diplomatic Special and Official Passports ইতোমধ্যে স্বাক্ষরিত হয়েছে। **বাস্তবায়িত**।<br><br>অপরদিকে ১) বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে 'Agreement between The Government of The Republic of South Africa and The Government of the People`s Republic of Bangladesh regarding the waiver of Visa requirement for holders of Diplomatic and Official Passports', ২) বাংলাদেশ ও বতসোয়েনার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি, ৩) বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে 'Agreement between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Maldives on Transfer of Prisoners' ও ৪) Agreement between The Government of the People's Republic of Bangladesh and The Government of the Republic of Kosovo On Visa-free Visit for Persons Holding Diplomatic and Official Passports শীর্ষক চুক্তি বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।<br><br>এছাড়া "জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০২২" এর খসড়া ভেটিং এর জন্য ২২ নভেম্বর ২০২২ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। | ১) বাংলাদেশ ও কাতার সরকারের মধ্যে ১২ সেপ্টেম্বর ২০২২ তারিখে চুক্তিটি স্বাক্ষরিত হয়েছে। ১৪ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন করা হয়েছে। বাংলাদেশ পাসপোর্ট কাতারে প্রেরণের জন্য ০১ নভেম্বর ২০২২ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। চুক্তিটি এখনো কার্যকর হয়নি। চুক্তিটি কার্যকরের পরবর্তী কার্যক্রম যথা সম্ভব দ্রুত সম্পন্ন করতে হবে। যেসকল দেশের সাথে ইতোমধ্যে চুক্তি স্বাক্ষরসহ সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে তা মন্ত্রিপরিষদ বিভাগকে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে।<br><br>২) যেসকল দেশের সাথে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি সংক্রান্ত কার্যক্রম এখনো সম্পন্ন হয়নি সেসকল দেশের সাথে চুক্তি স্বাক্ষরের বিষয়ে করণীয় সম্পর্কে পররাষ্ট্র মন্ত্রণালয় এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। |

| | | |
|---|---|---|
| | **মন্ত্রিসভার সিদ্ধান্ত : ১৩। মন্ত্রিসভা-বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় সংশোধনমূলক কার্যক্রম গ্রহণসাপেক্ষে সারসংক্ষেপের সহিত উপস্থাপিত 'জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০২২'-এর খসড়া নীতিগতভাবে অনুমোদন করা হইলো।**<br>**বাস্তবায়ন অগ্রগতি :** "জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০২২" এর খসড়া ভেটিং এর জন্য ২২ নভেম্বর ২০২২ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। | ১) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রেখে ভেটিং কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা।** |
| | **মসবৈ-০৫(০২)-২০১৬, তারিখ : ০১ ফেব্রুয়ারি ২০১৬**<br><br>**সিদ্ধান্ত : ৮। মন্ত্রিসভা বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬'-এর খসড়া চূড়ান্তভাবে অনুমোদন করা হইল।**-বিষয়টি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পেন্ডিংআছে। | ১) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রেখে ভেটিং কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |
| | **মসবৈ-২৯(১০)-২০০৬, তারিখ : ০৯.১০.২০০৬ ।**<br><br>**বিষয় : জেল কোড সংশোধনের প্রস্তাব চূড়ান্ত অনুমোদন।**<br><br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত-৮.৩ : এর যেই সকল সংশোধন বা সংস্কার সম্পর্কিত বিধান বিভিন্ন আইনের সহিত সংশ্লিষ্ট প্রথমে উক্ত আইন/আইনসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে সংশোধন করিবার উদ্যোগ গ্রহণ করিয়া পর্যায়ক্রমে Jail Code সংশোধিত বিধানসমূহ কার্যকর করিতে হইবে।**–The Prison's Act 1894 এবং The Prisoners Act 1900 এর স্থলে বাংলা ভাষায় "কারা ও সংশোধন পরিষেবা আইন 202২" এর খসড়া প্রণয়ন করা হয়েছে। উক্ত খসড়া আইন শীঘ্রই অনুমোদনের জন্য আন্তঃমন্ত্রণালয় সভায় উপস্থাপন করা হবে।<br><br>**৮.৪। Jail Code-এর বাংলা ভাষায় একটি অনুবাদ প্রকাশ করিবার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।** জেল কোড বাংলা ভাষায় অনুবাদের পূর্বে বর্তমান জেল কোড সংশোধনের সিদ্ধান্ত রয়েছে। আবার জেল কোড সংশোধনের পূর্বে The Prisons Act 1894 এবং The Prisoners Act 1900 একত্রিত করে "কারা ও সংশোধন পরিষেবা আইন ২০২২" এর খসড়া প্রণয়ন করা হয়েছে। উক্ত খসড়ার আলোকে জেল কোড সংশোধনের কার্যক্রম শীঘ্রই শুরু হবে। এ লক্ষ্যে ১৭ অক্টোবর, ২০১৭ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় উপকমিটি গঠন করেছিল। দীর্ঘ সময় অতিবাহিত হয়েছে বিধায় জেল কোড সংশোধনের লক্ষ্যে উক্ত উপকমিটি পুনর্গঠনের বিষয়ে আইন ও বিচার বিভাগকে অনুরোধ করা হয়েছে।<br><br>১৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ সৈয়দা সালমা জাফরিন, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, এর সভাপতিত্বে মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সুরক্ষা সেবা বিভাগ সম্পর্কিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় এ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা, অতিরিক্ত দায়িত্ব প্রশাসন-৩ শাখা) এবং | ১) The Prison's Act 1894 এবং The Prisoners Act 1900 এর ভাষায় 'কারা ও সংশোধন পরিষেবা আইন ২০২২' এর খসড়া প্রণয়ন করা হয়েছে। উক্ত খসড়া আইনের প্রমিতীকরণ কার্যক্রম দ্রুত সম্পন্নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>২) যেহেতু বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট, ২০২২-এর খসড়া প্রণয়ন কার্যক্রম সম্পাদন করা হয়েছে, তাই উক্ত এ্যাক্ট এর আলাকে Jail Code-এর খসড়া প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>৩) বর্তমানে 'বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট, ২০২২ এর |

| | | | |
|---|---|---|---|
| | উপসচিব (বহিরাগমন-৪ শাখা) সভায় অংশগ্রহণ করেন। সভায় বলা হয় সুরক্ষা সেবা বিভাগ মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করবে এবং The Prisons Act ও Jail Code Rules এর বিষয়টি দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | খসড়া-এর ভেটিং কার্যক্রম লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে চলমান। এটি সম্পন্ন হতে আরো কিছু সময় লাগতে পারে। এদিকে বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট, ২০২২-এর আলোকে Jail Code সংশোধনপূর্বক খসড়া প্রণয়ন করতেও দীর্ঘ সময়ের প্রয়োজন হতে পারে। তাই Jail Code এর খসড়া প্রণয়ন কার্যক্রম এখনই শুরু করার জন্য অনুরোধ করা হলো এবং বাস্তবায়ন অগ্রগতি যথারীতি মাসিক সমন্বয়সভায় উপস্থাপন অব্যাহত রাখতেও বলা হলো।<br><br>**বাস্তবায়নকারী : অতিরিক্ত সচিব (কারা)/ আইজি (প্রিজন)/সংশ্লিষ্ট উপকমিটি।** |
| | **মসবৈ-১৪(০৮)/২০১৯, তারিখ : ২৬ আগস্ট ২০১৯**<br><br>**সিদ্ধান্ত : ৯.৩। ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করিয়া বাংলায় প্রণয়ন করিবার বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ কার্যকর উদ্যোগ গ্রহণ করিবেন।—সভাকে জানানো হয়,**<br><br>**কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৩টি আইন :**<br>১. The Prisons Act, 1894<br>২. The Bengal Jail Code, 1894<br>৩. The Prisoners Act, 1900<br><br>'Bangladesh Prison's And Correctional Services Act, ২০২১ প্রণয়ন কার্যক্রম চলমান আছে।<br><br>**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর :**<br><br>১. The Bangladesh Passport Order, 1973 (President's Order no. 09 of 1973)<br>২. The Passport Act, 1920<br>৩. The Registration of Foreigners Act, 1939<br>৪. The Foreigners Act, 1946<br>৫. The Citizenship Act, 1951<br>৬. The Passport (Offences) Act, 1952 | ১) ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর সংশ্লিষ্ট ৫টি ও কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৩টি আইন যুগোপযোগী করে আইনগুলোকে দ্রুত বাংলায় প্রণয়ন বিষয়ে সর্বশেষ অবস্থা ও পরবর্তী করণীয় সম্পর্কে এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) কর্তৃক সচিবকে অবহিত করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর)/সংশ্লিষ্ট শাখা প্রধান ।** |

| | | |
|---|---|---|
| | ৭. The Control of Entry Act, 1952<br>৮. The Bangladesh Citizenship (Temporary Provisions Order), 1972<br><br>ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর হতে ১০ জানুয়ারি ২০২১ তারিখে The Registration of Foreigners Act, 1939; The Foreigners Act, 1946 & The Control of Entry Act, 1952 আইন ৩টি বাংলায় প্রণয়নপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুরক্ষা সেবা বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br><br>তৎপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত আদেশ অনুযায়ী ১৬ এপ্রিল ২০২১ তারিখে সুরক্ষা সেবা বিভাগ হতে উল্লিখিত আইন ৩টির অনুবাদের সঠিকতার বিষয়ে মতামত প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংস্কার ও গবেষণা অনুবিভাগকে অনুরোধ করা হয়।<br><br>জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংস্কার ও গবেষণা অনুবিভাগের বাংলা ভাষা কোষ কর্তৃক ‘প্রবেশ নিয়ন্ত্রণ আইন, ১৯৫২, বিদেশি ব্যক্তিবর্গের নিবন্ধন আইন, ১৯৩৯ এবং বিদেশি ব্যক্তিগণের নিবন্ধন আইন, ১৯৪৬ এর খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রমিতীকরণ করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগে প্রেরণ করা হয়।<br><br>জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত প্রাপ্তির পর ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক অনুদিত আইন ৩টি গেজেট প্রকাশের বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং গ্রহণের লক্ষ্যে ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে মূলনথি প্রেরণ করা হয়েছে।<br><br>The Citizenship Act, 1951 এবং The Bangladesh Citizenship (Temporary Provisions Order), 1972 আইন ২টি সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক বাংলায় অনুবাদ করার জন্য নির্ধারিত ছিল বলে জানা যায়। তবে, বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬ এর খসড়া ভেটিং এর জন্য গত ২৮ ফেব্রুয়ারি ২০১৬ তারখে আইন, বিচার আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়। যা বর্তমানে প্রক্রিয়াধীন।<br><br>The Bangladesh Passport Order, 1973 (President's Order no. 09 of 1973) এর আলোকে বাংলাদেশ পাসপোর্ট আইন ২০২০ এর খসড়া প্রণয়ন করা হয়েছে। বাংলাদেশ পাসপোর্ট আইন, ২০২২ প্রনয়ণ করা হলে The Bangladesh Passport Order, 1973; The Passport Act, 1920 & The Passport (Offences) Act, 1952 রহিত হতে পারে। এ বিষয়ে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরে কার্যক্রম চলমান আছে।<br><br>মন্ত্রিপরিষদ বিভাগ, এর সভাপতিত্বে মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সুরক্ষা সেবা বিভাগ সম্পর্কিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় বলা হয় সুরক্ষা সেবা বিভাগ মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করবে এবং এ বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে। | |

২.৪

**জনবল :** সভাকে জানানো হয়, এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থায় শূন্যপদের বিবরণী ও গৃহীত কার্যক্রম নিম্নরুপ :

| দপ্তর/সংস্থা | অনুমোদিত পদ | কর্মরত | শূন্যপদ |
|---|---|---|---|
| এসএসডি | ২৭৭ | ২০৬ | ৭১ |
| ডিএনসি | ৩০৫৯ | ১৮৯৪ | ১,১৬৫ |
| এফএসসিডি | ১৪,৪৪৩ | ১২,৭০২ | ১,৭৪১ |
| প্রিজন | ১২,১৭৮ | ১০,৩৮৫ | ১,৭৯৩ |
| ডিআইপি | ১,৫৩০ | ১,১৪৫ | ৩৮৫ |
| মোট = | **৩১,৪৮৭** | **২৬,৩৩২** | **৫,১৫৫** |

**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর :** ১১-১৬ গ্রেডের ১৫৭টি শূন্যপদের বিপরীতে ২৬.১২.২০২২ তারিখ সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর ৩টি, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ৪টি, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ২৩টি, এসিস্ট্যান্ট একাউন্ট্যান্ট ২৪টি, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর ৪৫টি এবং রেকর্ড কীপার পদে ৪টি, মোট ১০৩ (একশত তিনটি) পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** ১১-১৬ গ্রেডের ৭১৯টি শূন্যপদের মধ্যে গ্রন্থাগার সহকারী এর ১টি এবং গাড়িচালক-১১টি শুন্যপদে নিয়োগের লক্ষ্যে ০১ ফ্রেব্রুয়ারি ২০২৩ তারিখে মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে এবং ০২ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়েছে। অফিস সহায়কের ৬টি শুন্যপদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

**কারা অধিদপ্তর :** ৩০টি ডেপুটি জেলার এবং ৯টি মহিলা ডেপুটি জেলার পদ শূন্য রয়েছে। শূন্যপদের ১০%হিসাবে ৪টি পদ সংরক্ষিত রেখে ২৫টি ডেপুটি জেলার ও ৫টি মহিলা ডেপুটি জেলার মোট ৩০টি পদ ৪০তম বিসিএস থেকে পূরণের জন্য কারা অধিদপ্তর হতে ২৯.০৯.২০২২ মূলে সুরক্ষা সেবা বিভাগে পুনঃঅধিযাচন প্রেরণ করা হয়েছে। এবং এ বিভাগ হতে ০৩.১০.২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে । বর্তমানে আরো ২টি ডেপুটি জেলার ও ৩টি মহিলা ডেপুটি জেলার পদ শূন্য হয়েছে । উক্ত শূন্যপদের ছাড়পত্রের প্রস্তাব শীঘ্রই প্রেরণ করা হবে।

৬৩টি ডিপ্লোমা নার্স পদ শূন্য রয়েছে। পিএসসি হতে ১৩.০৪.২০২২ তারিখ ২ জন ডিপ্লোমা নার্স নিয়োগের জন্য সুপারিশ করা হয়। শূন্যপদের ১০% হিসাবে ৬টি পদ সংরক্ষণ করে ৫৫টি ডিপ্লোমা নার্স পদে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কারা অধিদপ্তর হতে ২৭.১০.২০২২ তারিখ প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। শূন্যপদে জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুরক্ষা সেবা বিভাগ হতে ২১.১১.২০২২ তারিখ পিএসসি বরাবরে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :** পিএসসি'তে ২৫০টি (ফোরম্যান-২, স্টাফ অফিসার-২৪, স্টেশন অফিসার-২২২ ও জুনিয়র প্রশিক্ষক-২) পদের নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন।

১) অধিদপ্তরসমূহের সকল শূন্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে ও স্বচ্ছতার সাথে সম্পন্ন করতে হবে;

২) অধিদপ্তরসমূহের যে সকল শূন্যপদ পিএসসি এর মাধ্যমে পূরণের জন্য নিয়োগ বিধিতে উল্লেখ রয়েছে সেসকল পদ দ্রুত পূরণের জন্য পিএসসি এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।

৩) বিপিএসসি এর মাধ্যমে পূরণযোগ্য পদসমূহের অধিযাচনের তালিকার ভিত্তিতে দ্রুত নিয়োগদানের বিষয়ে বিপিএসসি'র চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনার সুবিধার্থে অধীন দপ্তর হতে প্রেরিত পদের অধিযাচনের তালিকা সচিবের নিকট দাখিল করতে হবে।

৪) আগামী ৬ মাসের মধ্যে সকল প্রকার নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/প্রশাসন-১ শাখা প্রধান।**

| | | |
|---|---|---|
| ২.৫ | **সভাকে জানানো হয়, জেলাপ্রশাসক সম্মেলন ২৪-২৬ জানুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে।** বিভিন্ন মেয়াদে বাস্তবায়নের জন্য এ বিভাগ সংশ্লিষ্ট ৮টি সিদ্ধান্ত রয়েছে। তন্মধ্যে ৪টি সিদ্ধান্ত সংশ্লিষ্ট ২টি, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর সংশ্লিষ্ট ১টি ও ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সংশ্লিষ্ট ১টি মোট ৪টি দীর্ঘমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়নের কার্যক্রম চলমান। | ১) জেলা প্রশাসক সম্মেলন, ২০২২ এ গৃহীত এ বিভাগের অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতি মাসের সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।<br><br>২) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এ প্রতিমাসে পাসপোর্টের জন্য প্রাপ্ত আবেদন পত্রসমূহ, এর বিপরীতে নির্ধারিত সময়ের মধ্যে ইস্যুকৃত পাসপোর্টসমূহ, কতটি পাসপোর্টের আবেদন পত্রের বিপরীতে নির্ধারিত সময়ের মধ্যে পাসপোর্ট ইস্যু করা সম্ভব হয়নি, পাসপোর্ট ইস্যু না হওয়ার কারণ কি এসকল বিস্তারিত তথ্যাদি প্রতি মাসের সমন্বয়সভায় টেবিলে উপস্থাপন করতে হবে।<br><br>৩) মাননীয় প্রধানমন্ত্রীর ভারত সফরকালে পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত মিটিং মিনিটস সংগ্রহ করে ‘মুজিবনগরে ইমিগ্রেশন চেকপোস্ট স্থাপনের উদ্যোগ গ্রহণের বিষয়ে’ কোন আলোচনা হয়েছে কিনা সে বিষয়ের তথ্যাদি সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান কর্তৃক সচিব বরাবর দাখিল করতে হবে। |

| | | |
|---|---|---|
| ২.৬ | **ই-টেন্ডারিং :**<br><br>**ডিআইপি :** জানুয়ারি, ২০২৩-এ ই-জিপিতে ১টি পণ্যের টেন্ডার আহ্বান করা হয়েছে। ২০০টি টোনার ক্রয় সংক্রান্ত।<br><br>**ডিএনসি :** বিবেচ্যমাসে ইজিপিতে কোন টেন্ডার আহ্বান করা হয়নি।<br><br>**এফএসসিডি :** ২০২২-২০২৩ অর্থবছরে পোশাক সামগ্রী খাতে প্রাপ্ত বরাদ্দ দ্বারা স্যান্ডো গেঞ্জি, বেডসীট, ওয়েভ বেল্ট, ডীপ সাইন , হ্যাগিং ব্যাজ, Rescue Badge, fire figher badge, FSCD Bangladesh badge, স্যু-পালিশ কালো, FSCD সোল্ডার লেটার, নেইম প্লেট, ফিল্ড ক্যাপ সেলাই ও ইউনিফর্ম সেলাই এর দরপত্র মূল্যায়ন শেষে চুক্তিপত্র ও কার্যাদেশ সম্পন্ন করা হয়েছে এবং টিসি কমবেট কাপড়, উইন্টার জ্যাকেট ও মনিহারী সামগ্রী সংগ্রহের জন্য ই-জিপি পদ্ধতিতে দরপত্র আহব্বান করা হয়।<br><br>**প্রিজন :** জানুয়ারি, ২০২৩ পর্যন্ত ৩০টি প্যাকেজের দরপত্র ই-জিপি’র মাধ্যমে আহবান করা হয়েছে। তন্মধ্যে জানুয়ারি, ২০২৩ এ আহ্বানকৃত ৬টি প্যাকেজের মধ্যে ৫টি প্যাকেজ লাইভে ও ১টি প্যাকেজ মূল্যায়নে আছে। এছাড়াও ১টি প্যাকেজের NOA এবং ৪টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। | ১) বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার ক্রয় কার্যক্রম ইজিপিতে সম্পাদন অব্যাহত রাখতে হবে;<br><br>২) পিপিআর আইন যথাযথভাবে অনুসরণ করে রেশন সামগ্রীসহ সকল প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br><br>৩) সরকারি তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য/সেবা/কার্য ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং ক্রয় কার্যে অংশগ্রহণের ইচ্ছুক সকল ব্যক্তির প্রতি সম-আচরণ ও অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

| | | |
|---|---|---|
| ২.৭ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :** বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত সূচক অর্জনের নিমিত্ত এপিএ টিম লিডার এবং দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে নিয়মিত পর্যালোচনা সভা আয়োজন করা হয়। সকল সূচক অর্জনের জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে সভা অনুষ্ঠানসহ দাপ্তরিক/ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখা হচ্ছে।<br><br>**২০২২-২৩ অর্থবছরের সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নভেম্বর'২০২২ পর্যন্ত অগ্রগতি :** সভাকে জানানো হয়, এ বিভাগের নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ সংশ্লিষ্ট-৪টি, কারা অনুবিভাগ সংশ্লিষ্ট-৬টি, অগ্নি অনুবিভাগ সংশ্লিষ্ট ৪টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ সংশ্লিষ্ট-১০টি, উন্নয়ন অনুবিভাগ সংশ্লিষ্ট ৯টি, প্রশাসন ও অর্থ অনুবিভাগ সংশ্লিষ্ট-১টি, মূল্যায়ন সংক্রান্ত-৬টি সর্বমোট সূচক ৪০টি। তন্মধ্যে নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ সংশ্লিষ্ট-৪টি, কারা অনুবিভাগ সংশ্লিষ্ট-৪টি, অগ্নি অনুবিভাগ সংশ্লিষ্ট ৩টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ সংশ্লিষ্ট-৮টি, উন্নয়ন অনুবিভাগ সংশ্লিষ্ট কার্যক্রম ৯টি, প্রশাসন ও অর্থ অনুবিভাগ সংশ্লিষ্ট-১টি এবং মূল্যায়ন সংক্রান্ত-৬টি সর্বমোট ৩৪টি সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। অবশিষ্ট ৬টি সূচকের বাস্তবায়ন কার্যক্রম চলমান। | ১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত সূচক অর্জনের নিমিত্ত এপিএ টিম লিডার এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অধীন দপ্তর/সংস্থার সাথে নিয়মিত পর্যালোচনা সভা করতে হবে;<br><br>২) কোন সূচক অর্জনের ক্ষেত্রে কোন ধরনের অসুবিধা পরিলক্ষিত হলে তা নিরসনে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে সভা অনুষ্ঠানসহ দাপ্তরিক/ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>৩) অধিদপ্তর/সংস্থার প্রতিমাসের সমন্বয়সভায় এপিএ কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি নিয়ে বিস্তারিত পর্যালোচনা করতে হবে;<br><br>৪) আওতাধীন অধিদপ্তর সংশ্লিষ্ট সকলকে সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি ও কোন প্রকার প্রতিবন্ধকতা থাকলে তা সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।<br><br>৫) সূচক অর্জনের ক্ষেত্রে অধিদপ্তর প্রধানগণ/অনুবিভাগ প্রধানগণকে তাঁর দপ্তরের এপিএ ফোকাল পয়েন্টকে নিয়ে প্রতি ১৫ দিন কিংবা মাসে অন্তত একদিন মনিটরিং সভা করতে হবে।<br><br>৬) মার্চ, ২০২৩ এর মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত সূচক অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

| | | |
|---|---|---|
| ২.৮ | **অডিট :** সভায় বাজেট-২ শাখা হতে প্রাপ্ত এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের অডিট কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অডিট সংক্রান্ত তথ্যাদি উপস্থাপনের পূর্বে মাস পর্যন্ত মিটিং এর সংখ্যা, জবাব প্রদানের সংখ্যা, সুপারিশের সংখ্যা, নিস্পত্তির সংখ্যা ইত্যাদি উপস্থাপন নিয়ে সভায় বিশদ আলোচনা করা হয়।<br><br>**এসএসডি :** ২০২০-২১ অর্থবছরের ৬টি অডিট আপত্তির জবাব আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়। ৪টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। ২টি অডিট আপত্তির জবাব প্রমাণকসহ প্রস্তাব পুনরায় প্রেরণের প্রেক্ষিতে জবাব আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br><br>**প্রিজন :** কারা অধিদপ্তরে পেন্ডিং ১০৭টি আপত্তির মধ্যে ৯৪টি আপত্তির জবাব পূর্বে বিভিন্ন স্মারকে মন্ত্রণালয়/আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছিল, যা সংশোধনপূর্বক পুনঃপ্রেরণের জন্য মতামত আকারে পাওয়া গেছে। সেগুলোসহ অবশিষ্ট ১৩টি আপত্তির কার্যক্রম সংশ্লিষ্ট দপ্তর/কারাগারে চলমান রয়েছে।<br><br>**ডিআইপি :** সুরক্ষা সেবা বিভাগে ১০টি কার্যক্রম চলমান, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরে ২৯টি এবং আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে ২৩টি পেন্ডিং রয়েছে।<br><br>**এফএসসিডি :** ২০১৭-১৮ অর্থবছরের ১২টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>২০১৮-১৯ অর্থবছরের ১৩টি অডিট আপত্তির মধ্যে ২টি অডিট আপত্তিত নিষ্পত্তি করা হয়েছে এবং ১১টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>২০২০-২১ অর্থবছরের ১৭টি অডিট আপত্তির মধ্যে আইটি ও জনসেবা অধিদপ্তরে প্রেরিত ৮টি Non Serious Financial Irregularities (NSFI) মধ্যে ১৭ আগস্ট ২০২২ তারিখে ৫টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে এবং (SFI) ৯টি আপত্তির মধ্যে ১৩ নভেম্বর ২০২২ তারিখে ৩টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। বাকি ৯টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>**ডিএনসি :** বর্তমানে ১৩টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে পেন্ডিং রয়েছে। | ১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এ্যালকোহলের সাথে পানি মিশ্রণ বিষয়ে উত্থাপিত অডিট আপত্তিটি এনবিআর-এর সাথে বৈঠক করে দ্রুত নিষ্পত্তি করতে হবে, ভবিষ্যতে যেন অনুরূপ আপত্তি উত্থাপিত না হয় সেজন্য এনবিআর-এর পরামর্শ অনুসরণ করতে হবে, অধিকন্তু ফিনিশড প্রোডাক্ট-এ ভ্যাট আরোপ বিষয়ে এনবিআর যেরূপ সিদ্ধান্ত দিবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-কে তার অধিক্ষেত্রে তার বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br><br>২) যে সকল আপত্তির ব্রডশিট জবাব প্রদান এখনো বাকী আছে সেসকল আপত্তির ব্রডশিট জবাব এক মাসের মধ্যে প্রদান করতে হবে;<br><br>৩)দীর্ঘদিনের পুরাতন আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে;<br><br>৪) অডিট সংক্রান্ত তথ্যাদি উপস্থাপনকালে প্রতি মাসে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সংখ্যা, গত মাস পর্যন্ত জবাব প্রদানের সংখ্যা, সুপারিশের সংখ্যা, নিস্পত্তির সংখ্যা ও অনিস্পন্ন আপত্তির সংখ্যা ইত্যাদি তথ্যাদি প্রদান অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

| | | |
|---|---|---|
| ২.৯ | **পেনশন :** সভাকে জানানো হয়, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ৩টি ও কারা অধিদপ্তরে ১টি পেনশন কেস অনিষ্পন্ন রয়েছে। | ১) এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থায় পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.১০ | **পরিদর্শন :** বিবেচ্য মাসে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব মহোদয় কর্তৃক ৭টি স্থাপনা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর ২টি, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এর ৩টি, কারা অধিদপ্তর এর ২টি স্থাপনা/প্রকল্প পরিদর্শন করা হয়েছে। | ১) প্রত্যেক মাসে অধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে;<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.১১ | **অনিষ্পন্ন বিষয়/পত্রাদি :** সভাকে জানানো হয় অনিষ্পন্ন বিষয়টি যথারীতি নিষ্পন্ন করা হচ্ছে। | ১) এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী:অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |


| | | |
|---|---|---|
| ২.১২ | **প্রশিক্ষণ (ডিসেম্বর, ২০২২) : স**ভাকে জানানো হয়, এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহ ২য়-২০ গ্রেড পর্যন্ত কর্মচারিগণকে প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ প্রদান অব্যাহত রেখেছে। | ১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়সহ অধিদপ্তরের প্রয়োজন ও চাহিদা মোতাবেক (Need Based) প্রশিক্ষণ ক্যালেন্ডার মোতাবেক মানসম্মত ইনহাউজ প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.১৩ | **ওয়েবসাইট হালনাগাদকরণ :**<br><br>**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :** অফিস আদেশ-৭টি, অফিস আদেশ (বহিঃ বাংলাদেশ ছুটি)-২টি, এনওসি (কর্মকর্তা)-২টি, এনওসি (কর্মচারী)-৭টি।<br><br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** এনওসি/জিও-৯, নোটিশ/অফিস আদেশ-৪৪টি, ছবি আপলোড-৩৩টি। প্রিকারসর কেমিক্যালস্ এর এনওসি-৭৪টি, সভার কার্যবিবরণী-৬টি, পেথিডিন/মরফিন এর লাইসেন্স পারমিটের আদেশ-৮টি, মামলার হালনাগাদ তথ্য-৩০টি।<br><br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :** নোটিশ-৩টি, এনওসি-২৭টি, অফিস অর্ডার-৯টি, বহি: বাংলাদেশ ছুটি-১০টি, ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। (অধিদপ্তরের ওয়েবসাইটে সরকারের বিভিন্নগুরুত্বপূর্ণ এবং উন্নয়নমূলক কর্মকান্ডগুলো আপলোড নিয়মিত অব্যাহত রাখা হয়)।<br><br>**কারা অধিদপ্তর :** নোটিশ বোর্ড- ১৬টি, সার্কুলার- ৭টি, পোস্টিং অর্ডার/জিও- ১৭টি, এনওসি- ৯টি, অফিস আদেশ- ১৬টি, বহিঃবাংলাদেশ ছুটি- ১১টি, টেন্ডার-৭টি। | ১)জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য প্রতিমাসের ১ম ৩ (তিন) কার্যদিবসের মধ্যে হালনাগাদকরণ ও বিভিন্ন প্রোগ্রামের ছবি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথারীতি এ বিভাগ ও অধিদপ্তরসমূহের ওয়েবসাইটে আবশ্যিকভাবে আপলোড/আপডেট অব্যাহত রাখতে হবে;<br><br>২) এ বিভাগের অধীন জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তর/সংস্থার গুরুত্বপূর্ণ উন্নয়নমূলক কর্মকান্ডসমূহও ওয়েবসাইটে আপলোড অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

| | | |
|---|---|---|
| ২.১৪ | **ই-ফাইলিং :**<br><br>**এফএসসিডি :** বিবেচ্য মাসে নিষ্পত্তিযোগ্য নথিতে ৮৯.৪১% ই-ফাইলে নিষ্পত্তি করা হয়েছে।<br><br>**ডিআইপি :** বিবেচ্য মাসে নিষ্পত্তিযোগ্য নথিতে ৮৫.৩৩% ই-ফাইলে নিষ্পত্তি করা হয়েছে।<br><br>**প্রিজন :** বিবেচ্য মাসে নিষ্পত্তিযোগ্য নথিতে ৯৪% ই-ফাইলে নিষ্পত্তি করা হয়েছে।<br><br>**ডিএনসি :** বিবেচ্য মাসে ৯২.০৯% ই-ফাইলে নিষ্পত্তি করা হয়েছে। | ১)এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের সকল প্রকার পত্র যোগাযোগ ই-নথির মাধ্যমে নিষ্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে;<br><br>২)এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের ই-নথিতে নিষ্পত্তিকৃত কার্যক্রমের অগ্রগতি শতকরা হারে বিভাগ/দপ্তর/সংস্থাওয়ারী প্রতি মাসের সমন্বয়সভায় ছকে উপস্থাপন অব্যাহত রাখতে হবে।<br><br>৩) যেসকল অধিদপ্তর ৯০% এর অধিক নথিপত্র ই-ফাইলে নিস্পত্তি করা হয়েছে সেসকল দপ্তর/সংস্থা প্রধানকে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

<table>
<tr>
<td>২.১৫</td>
<td>
ইনোভেশন ও উত্তম চর্চা :
<ul>
<li>১২ জানুয়ারি ২০২৩ এ বিভাগের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।</li>
<li>২৪ জানুয়ারি ২০২৩ সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তরসমূহের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনাপূর্বক প্রস্তুতকৃত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।</li>
</ul>
<table>
<tr><th>ক্রম</th><th>অফিস</th><th>উদ্ভাবনী ধারণা</th></tr>
<tr><td>১</td><td>এসএসডি</td><td>দ্বৈত নাগরিকত্বের সনদপত্রের জন্য অনলাইনে আবেদন গ্রহণ, নিরাপত্তা প্রতিবেদন সংগ্রহ, প্রক্রিয়াকরণ এবং ডিজিটাল (QR কোড সংবলিত) সনদপত্র প্রদান (বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের জাতীয় ডাটা সেন্টারে হোস্টিং করা হয়েছে। বর্তমানে টেস্টিং এবং সোনালী ব্যাংকের ‘সোনালী পে’ গেটওয়ে ইন্ট্রিগ্রেশনের কাজ চলমান)।</td></tr>
<tr><td>২</td><td>প্রিজন</td><td>বন্দি উৎপাদিত পণ্যের প্রসারের লক্ষ্যে E-Commerce System চালুকরণ</td></tr>
<tr><td>৩</td><td>এফএসসিডি</td><td>ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠানগুলোতে ERS (Emergency Response System) স্থাপন</td></tr>
<tr><td>৪</td><td>ডিএনসি</td><td>Live Operation Visible Execution (LOVE)</td></tr>
<tr><td>৫</td><td>ডিআইপি</td><td>ই-পাসপোর্টের আবেদনের Basic Checks Clearance Artifical Intelligence (AI) সংযোজন।</td></tr>
</table>
</td>
<td>১) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে চলতি অর্থবছরের ইনোভেশন কার্যক্রম সম্পাদন করার সকল আনুষ্ঠানিকতা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;<br><br>২) বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তমচর্চা বিষয়ক বাস্তবায়ন অগ্রগতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : ফোকাল পয়েন্ট কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>২.১৬</td>
<td>ভিডিও কনফারেন্সিং : বিবেচ্যমাসে এসএসডি ৪টি, ডিএনসি ৪টি, ডিআইপি ২টি, এফএসসিডি ২টি, প্রিজন ৫টি ভিডিও কনফারেন্সের আয়োজন করা হয়।</td>
<td>১) মাঠ পর্যায়ের দপ্তরগুলোর সাথে চলমান উন্নয়ন ও সেবামূলক কাজের মানোন্নয়নের জন্য প্রত্যেক মাসে অধিদপ্তর কর্তৃক ভিডিও কনফারেন্সিং-এর আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ২.১৭ | **সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে চলমান মামলার পরিসংখ্যা : সভাকে জানানো হয়,** ১) এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে গত মাস পর্যন্ত বিভাগীয় মামলার সংখ্যা ৫৩১টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ২৪টি, মোট মামলার সংখ্যা ৫৫৪টি। এর মধ্যে ৫০টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। ৫০৪টি মামলা অনিষ্পন্ন/চলমান রয়েছে।<br><br>২) এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে গত মাস পর্যন্ত বিভাগীয় আপিল মামলার সংখ্যা ১৪টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ৩টি, মোট আপিল মামলার সংখ্যা ১৭, নিষ্পত্তিকৃত আপিল মামলার সংখ্যা ৩টি, অবশিষ্ট আপিল মামলার সংখ্যা ১৪টি। এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে মোট এএটি/এটি মামলার সংখ্যা এটি-১০৯ ও এএটি-৪২।<br><br>৩) এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে লিভ-টু-আপিল মামলার সংখ্যা-৩৮টি, রিট-৩১৯টি, সিভিল রিভিশন-১১টি, দেওয়ারি-০টি, ফৌজদারি-০টি, মামলা নিষ্পত্তির কোন অগ্রগতি নেই। | ১) চলমান মামলাসমূহ নির্ধারিত সময়ে নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে;<br><br>২) বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ অধিদপ্তরে নিযুক্ত প্যানেল আইনজীবীগণ কর্তৃক মামলার মেরিট অনুযায়ী যেন আদালতে সঠিকভাবে তথ্য উপস্থাপন করা হয় সে বিষয়ে মনিটরিং করতে হবে এবং অগ্রগতি মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে;<br><br>৩) তদবিরের অভাবে যেন কোন মামলার মেরিট নষ্ট না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

৩। সভাপতি এ বিভাগের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সহিত পালন করে সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি পেন্ডিং বিষয়সমূহ অগ্রাধিকার ভিত্তিতে অত্যন্ত দ্রুততার সাথে নিষ্পত্তি করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সভায় উপস্থিত সকল সদস্য ও তাঁদের অধীন কর্মকর্তা- কর্মচারীগণের উদ্দেশ্যে বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন ভোগান্তির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.১১.০০১.২২.৫৪

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯
০৭ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

মোঃ আবদুল কাদির
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)